



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল

ইনোভেশন সভার কার্যবিবরণী।

সভাপতি	এ.কে.এম.মিজানুর রহমান মহাপরিচালক
সভার তারিখ	২৯/০৪/২০১৯ খ্রিঃ।
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান	শ্রম অধিদপ্তরের সভা কক্ষে।
উপস্থিতি	৮

সভাপতি শুরুতে উপস্থিত সকল-কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক, প্রশাসন (সদস্য সচিব) জনাব সালাহউদ্দীন মাহমুদ কর্তৃক শ্রম অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের অর্ধ-বার্ষিক অগ্রগতি ও সেবা সহজীকরণ কার্যক্রম উপস্থিতির নিকট উপস্থাপন করেন। সভায় চিফ ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিমের সদস্যগণের সম্মুখে সম্পাদিত কার্যাবলীর উপস বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১	ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন	বার্ষিক কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয় এবং পরিকল্পনা অনুযায়ী শ্রম অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম পরিচালনা করা ও সেমতে তথ্যবাতায়নের ইনোভেশন কর্নার হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটি
২	মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইনোভেশন আইডিয়ার পাইলটিং	১. সচেতনতা বৃদ্ধি কার্যক্রম বিষয়ক ABC: awareness Buildup Campaign ২. শ্রমিকের স্বাস্থ্যকথা অ্যাপস-এর সাথে পরিবার পরিকল্পনা সেবা সমন্বিতকরণ এবং এর আধুনিকায়ন 'শ্রম বাতায়ন অ্যাপস'। নামক উদ্ভাবনী কার্যক্রমের পাইলটিং শুরু করার নিমিত্ত উল্লিখিত আইডিয়াসমূহের প্রদানকারীগণকে প্রশাসনিক অনুমোদন প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটি
৩	ইনোভেশন সংক্রান্ত বৈদেশিক প্রশিক্ষণ	২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসাবে শ্রম অধিদপ্তরের ৫ জনকে ইনোভেশন সংক্রান্ত বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটি

৪	উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান (কতজন)	শ্রম অধিদপ্তরের মাঠপর্যায় থেকে প্রেরিত আইডিয়াসমূহ থেকে বাছাইকৃত ১০টি আইডিয়া'র প্রদানকারীকে পরবর্তী উদ্ভাবনী প্রশিক্ষণে সনদপত্র প্রদানের জন্য প্রশিক্ষণের দিনধারণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটি
৫	উদ্ভাবনী আইডিয়া আহ্বান	শ্রম অধিদপ্তরের কার্যক্রম ও প্রদত্ত সেবাসমূহের সহজীকরণ ও আধুনিকায়ন নিশ্চিতকরণে মাঠপর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে নতুন করে আইডিয়া আহ্বানের প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটি

পরিশেষে সভাপতি একসঙ্গে কাজ করে শ্রম অধিদপ্তরের ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন ও এ সংক্রান্ত কার্যক্রম আরো ত্বরান্বিত করার জন্য সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.কে.এম.মিজানুর রহমান
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৪৩.৬৬.০০৩.১৭.২৬

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৩) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
- ৪) পরিচালক, পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ), শ্রম অধিদপ্তর
- ৫) উপপরিচালক , উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর



সালাহউদ্দীন মাহমুদ
উপ-পরিচালক